

**লুটন ইউনিভার্সিটির
প্রতিনিধি দলের
ডিআইআইটি ক্যাম্পাস
পরিদর্শন**

গত ৫ মার্চ ২০০২ ডেফেন্ডিভ ইনস্টিটিউট অব আইটির (ডিআইআইটি) ধানমন্ডি ক্যাম্পাস (রোড-১৪ (নতুন) বাড়ি-৭) পরিদর্শন করেন ব্রিটেনের লুটন ইউনিভার্সিটির একটি প্রতিনিধি দল। প্রতিনিধি দলে ছিলেন লুটন ইউনিভার্সিটির ডিন অব কোয়ার্টার্স অ্যাস্যুরেন্স ড. রিচার্ড হারিস ও ইউনিভার্সিটি অব লুটনের রেজিস্ট্রার এবং ক্রাক টু দি গভর্নরস আর্থার সুলিভান। পরিদর্শন শেষে লুটন ইউনিভার্সিটির প্রতিনিধিবৃন্দ ডিআইআইটির সঙ্গে যৌথভাবে শিক্ষা কার্যক্রমে অংশ নেয়ার ব্যাপারে উৎসাহ প্রদর্শন করেন। প্রতিনিধিবৃন্দ পরিদর্শনকালে ছাত্রছাত্রীদের সঙ্গে ক্রেডিট ট্রান্সফার ও লুটন ইউনিভার্সিটিতে ভর্তির বিভিন্ন নিয়ম-কানুন নিয়ে আলোচনা করেন। আলোচনায় ডিআইআইটির পক্ষে অংশগ্রহণ করেন প্রফেসর শাহজাহান মিনা, ডিআইআইটির একাডেমিক ডিরেক্টর মোহাম্মদ নুরুলজামান এবং চিফ কোর্স কো-অর্ডিনেটর ড. মোহাম্মদ ফখরে হোসেন, বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার শেখ মনিরুল আলম।